

২০২৫

বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNG-MJ-T-5

(কাব্যের রূপভেদ ও আধুনিক বাংলা কাব্য কবিতা)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) বাংলা গীতি কবিতার সাক্ষাৎ প্রথম কার কোন রচনায় পাই?

খ) উদাহরণসহ স্তোত্র কবিতার সংজ্ঞা দাও।

গ) পেত্রার্কীয় সনেটের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঘ) 'বীরঙ্গনা কাব্য'টি প্রথম কত সালে প্রকাশ হয়? এই কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

ঙ) 'বীরঙ্গনা কাব্যের' প্রথম ও শেষ পত্র দুটির নাম লেখো।

চ) "বন-নিবাসিনী দাসী নামে রাজপদে,
রাজেন্দ্র!"

— এখানে 'দাসী' ও 'রাজেন্দ্র' কাদের বলা হয়েছে?

[পরের পাতায়]

- ছ) ‘সোমের প্রতি তারা’ পত্রটি ‘বীরাঙ্গনা কাব্যে’র কত সংখ্যক পত্র? তারার পরিচয় কী?
- জ) “বিজন গৃহে একা, মেঘের ছায়ে ভোর,
অলস-মুকুলিত, নয়নে ঘুম ঘোর। —”
— কোন কবির কোন কবিতার অংশ? মূল কাব্যগ্রন্থের নাম লেখো।
- ঝ) “আর না করিব ভিক্ষা, স্বনির্ভর এই শিক্ষা, /
এই মন্ত্র, এই দীক্ষা, এই জপ অবিরত।”
— কোন কবিতায় কবি কাদের উদ্দেশ্য করে এ কথা বলেছেন?
- ঞ) “(ঐ) মহাসিদ্ধুর ওপার থেকে” গানটি কোন কবির কোন নাটকে ব্যবহৃত হয়েছে? গানটির প্রকাশকাল উল্লেখ করো।
- ট) “পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;”
— কোন কবির কোন কবিতার অংশ? এর ঠিক পরের পঙক্তিটি লেখো।
- ঠ) শঙ্খ ঘোষের ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’ কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থে সংকলিত? এই কবির আরও দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ড) ‘উলঙ্গ রাজা’ কবিতায় গল্পের শিশুটি কীসের প্রতীক? শিশুটির স্বভাব কেমন ছিল?
- ঢ) “এ আমার প্রার্থনা নয়”
— ‘পৃথিবী বাড়ুক রোজ’ কবিতায় কবি প্রকৃতপক্ষে কী প্রার্থনা করেছেন?

- ণ) “ফুলের লাভণ্য, বাস/অথবা শিশুর হাস...”
— কোন কবিতার অংশ? এখানে ‘বাস’ ও ‘হাস’ শব্দ দুটির অর্থ কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো।
- খ) আখ্যান কাব্য কাকে বলে? উদাহরণসহ এই জাতীয় রচনার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।
- গ) পত্রকাব্য হিসাবে ‘বীরাঙ্গনা কাব্যে’র সার্থকতা বিচার করো।
- ঘ) ‘নীলধ্বজের প্রতি জনা’ পত্র অবলম্বনে জনা চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ঙ) শোককাব্য হিসাবে ‘মাইকেল মধুসূদন দত্ত’ কবিতাটি বিচার করো।
- চ) ‘পৃথিবী বাড়ুক রোজ’ কবিতার সারমর্ম সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) একটি সার্থক বাংলা গীতিকবিতা বিশ্লেষণ করে এই জাতীয় কবিতার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।
- খ) ‘বীরাঙ্গনা কাব্যে’র নামকরণের সার্থকতা বিচার করো।
- গ) ‘শতকণ্ঠে কর গান’ কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।
- ঘ) ‘সুচেতনা’ কবিতায় ব্যক্তিপ্রেমের সঙ্গে সমাজ তথা রাষ্ট্রভাবনা মিশে গেছে; — আলোচনা করো।